

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/২৪৪৮

তারিখ

১১ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬১২ তম কমিশন সভা অদ্য ২৬/০৯/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ


- এসিই ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সার্ভিসেস লিমিটেড (DSE TREC No.16) তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rule, 1987 এর Rule 8A(1) ও Rule 8A(2) ভঙ্গ করেছে। কর্মচারীদের ঋণ প্রদানের মাধ্যমে BSEC Directive No. SEC/CMRRCD/2001-43/31 তারিখ March 23, 2010 এর লঙ্ঘন করেছে। এছাড়া গ্রাহকের নিকট থেকে ৫ লক্ষ টাকার বেশী নগদ গ্রহণ করে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) ভঙ্গ করেছে। উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, এসিই ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সার্ভিসেস লিমিটেড কে ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
- কমিশন অদ্যকার সভায় মেয়াদী CAPM IBBL Islamic Mutual Fund এর খসড়া প্রসপেক্টাস এর অনুমোদন প্রদান করেছে। মিউচুয়াল ফান্ডটির লক্ষ্যমাত্রা হচ্ছে ৮০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ ৫০ কোটি টাকা প্রদান করেছে এবং বাকী ৩০ কোটি টাকা প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, সম্পদ ব্যবস্থাপক CAPM Company Limited। এছাড়া ফান্ডটির ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।
- ইন্টারন্যাশনাল লিজিং অ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর ২০০ কোটি টাকার Non-Convertible Redeemable Floating Coupon Bearing Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে সাত বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, non-convertible floating coupon bearing subordinated bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে। শুধুমাত্র প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, কর্পোরেট সংস্থা এবং উচ্চ সম্পদশালী (high net worth) বিনিয়োগকারীরাই প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে ইন্টারন্যাশনাল লিজিং অ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Tier II Regulatory Capital এর শর্ত পূরণ করবে। ইন্টারন্যাশনাল লিজিং অ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর উক্ত বন্ড এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসাবে কাজ করছে এফ, এ, এস, ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড।
- ইউনিয়ন ক্যাপিট্যাল লিমিটেড এর ২৫০ কোটি টাকার Floating coupon bearing non-convertible subordinated bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে সাত বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, non-convertible fully redeemable floating coupon bearing subordinated bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে। শুধুমাত্র প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, কর্পোরেট বন্ডি এবং উচ্চ সম্পদশালী (high net worth) বিনিয়োগকারীগণ প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে ইউনিয়ন ক্যাপিট্যাল লিমিটেড বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Tier II Regulatory Capital এর শর্ত পূরণ করবে। ইউনিয়ন ক্যাপিট্যাল লিমিটেড এর Floating coupon bearing non-convertible subordinated bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসাবে কাজ করছে এ,এ,এ, ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড।
- কমিশন অদ্যকার সভায় ইফাদ অটোস লিমিটেড এর রাইট শেয়ার (২R:৫ অর্থাৎ বিদ্যমান পাঁচটি সাধারণ শেয়ারের বিপরীতে দুইটি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে ইফাদ অটোস লিমিটেড কে কমিশন ৬,২১,৯২,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ২০.০০ টাকা মূল্যে (প্রতিটি শেয়ার ১০.০০ টাকা প্রিমিয়ামসহ) বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। রাইটস শেয়ারের মাধ্যমে কোম্পানিটি মোট ১২৪,৩৮,৪০,০০০.০০ টাকা মূলধন উত্তোলন করে ব্যবসায় সম্প্রসারণ, চলতি মূলধন এবং ঋণ পরিশোধ করবে। রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী কোম্পানীটির শেয়ার প্রতি নীট সম্পদ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

মূল্য (NAV) টাকা ৩৬.৯৫ এবং জুলাই ০১, ২০১৬ থেকে মার্চ ৩১, ২০১৭ (নয় মাস) সময়কালের শেয়ার প্রতি আয় টাকা ৫.০৫। উল্লেখ্য যে, ব্যাংকো ফাইনান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এবং আলফা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড যৌথভাবে উক্ত রাইট ইস্যুর ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করছে।


২১/০৭/২০১৭

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।